

বাউবি/এসএসএস/এইচএসসি/জেনা/সেনাসদর/৩১/১/১৪/২০২৬

তারিখ : ২০ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

প্রধান সমন্বয়কারী
বাউবি সমন্বয় সেল
নৌ শিক্ষা পরিদপ্তর
ঢাকা সেনানিবাস, ঢাকা।

বিষয় : বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচএসসি নিশ-১ প্রোগ্রামের রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের De-Novo রেজিস্ট্রেশনের আবেদন এবং ফি জমাদান প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এইচএসসি নিশ-১ প্রোগ্রামের রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের এইচএসসি নিশ-১ পরীক্ষা-২০২৬-এ অংশগ্রহণের লক্ষ্যে De-Novo রেজিস্ট্রেশনের জন্য “ডিন, ওপেন স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০০৫” বরাবর আবেদন করতে হবে। De-Novo রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় ফি অফলাইনে বাউবি নির্ধারিত ব্যাংকে জমা প্রদান করে ফি জমাদানের রশিদ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। De-Novo রেজিস্ট্রেশনের সময়সীমা আগামী ১৬ জুলাই, ২০২৬ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। De-Novo রেজিস্ট্রেশনের জন্য শিক্ষার্থীগণকে নিম্নবর্ণিত ফি প্রদান করতে হবে।

ক্রম.	প্রদেয় ফি'র বিবরণ	ফি'র পরিমাণ
১.	কোর্স ফি (প্রতি বিষয়ের জন্য)	৬১৭/-
২.	রেজিস্ট্রেশন ফি (প্রতি বছরের জন্য)	১৫০/-
৩.	পুনঃপরীক্ষা ফি (প্রতি বিষয়ের জন্য)	১৫০/-
৪.	ব্যবহারিক পরীক্ষা ফি (প্রতি কোর্স) - কেবলমাত্র ব্যবহারিক অংশ সম্বলিত কোর্সের জন্য	১৩১/-
৫.	নম্বরপত্র ফি (De-Novo রেজিস্ট্রেশন জন্য আবেদনকৃত সকল বিষয়ের জন্য একবার)	২০০/-
৬.	সনদপত্র ফি (De-Novo রেজিস্ট্রেশন জন্য আবেদনকৃত সকল বিষয়ের জন্য একবার)	৪০০/-
৭.	প্রশংসাপত্র ফি (De-Novo রেজিস্ট্রেশন জন্য আবেদনকৃত সকল বিষয়ের জন্য একবার)	৫০/-
৮.	একাডেমিক ক্যালেন্ডার ফি (১ম বর্ষের শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)	১০০/-

কোনো শিক্ষার্থী নম্বরপত্র, সনদপত্র এবং প্রশংসাপত্রের জন্য ইতোপূর্বে নির্ধারিত ফি প্রদান করে থাকলে তাকে পুনরায় ফি প্রদান করতে হবে না। তবে পরবর্তীতে উল্লিখিত ফি বৃদ্ধি করা হয়ে থাকলে বর্ধিত অংশটুকু প্রদান করতে হবে। বিষয়টি স্টাডি সেন্টারসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,


S.2. n.p.m.
20/6/26
(সামস জেরিন নিপা)

যুগ্ম-পরিচালক

এসএসএস বিভাগ, বাউবি।

অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ডিন, ওপেন স্কুল, বাউবি।
- পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা বিভাগ, বাউবি।
- পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি। পত্রটি বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হলো।
- আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক কেন্দ্র (সকল), -----, বাউবি।
- একান্ত সচিব, উপাচার্য মহোদয়ের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
- একান্ত সচিব, উপ-উপাচার্য (প্রশাসন) এর দপ্তর, বাউবি। উপ-উপাচার্য (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য।
- সংরক্ষণ নথি।



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কম্পিউটার বিভাগ
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়
ডায়েরী নং..... ২৬০
তারিখঃ..... ২০/৬/২৬
সিস্টেম এনালিস্ট/ডেপুটি সিস্টেম এনালিস্ট/ওয়েব মাস্টার/
নেটওয়ার্ক প্রোগ্রামার/ASANA
সিস্টেম এনালিস্ট/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার/HME
সিস্টেম এনালিস্ট/সফটওয়্যার ইঞ্জিনিয়ার/AHME